

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৬৮

১৩. কিতাবুল হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ হাজীর জন্য এটা বৈধ যে, সে তার কোন ভাইয়ের ইহরামের নিয়ত অনুসারে নিয়ত করবে, এটা জানার পর যে সেটা পরে সংঘটিত হবে

ذِكْرُ الْإِبَاحةِ لِلْحَاجِ أَنْ يُهْلِلْ بِإِهْلَالِ أَخِيهِ وَإِنْ لَمْ يَسْمَعْ إِهْلَالَهُ بِأَذْنِهِ بَعْدَ أَنْ يَعْلَمَ أَنَّ ذَلِكَ بَعْدَهُ

আরবী

3768 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلَ قَالَ: حَدَّثَنَا يَهْزُبُ بْنُ أَسَدٍ قَالَ: حَدَّثَنَا سُلَيْمَ بْنُ حَيَّانٍ قَالَ: سَمِعْتُ مَرْوَانَ الْأَصْفَرَ يُحَدِّثُ: عَنْ أَنَّسِ بْنِ مَالِكٍ: أَنَّ عَلَيْهِ قَدِمًا مِنَ الْيَمَنِ فَقَالَ لَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (بِمِ أَهْلَلتَّ؟) قَالَ: أَهْلَلتُ بِمَا أَهَلَّ بِهِ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (فَإِنِّي لَوْلَا أَنْ مَعِي الْهَدِيَ لَحَالَتُّ)

الراوي : أنس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 3768 | خلاصة حكم المحدث: صحيح - ((الحج الكبير)) ،  
((الإرواء)) (1006): ق.

বাংলা

৩৭৬৮. আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আলী রাদিয়াল্লাহু আনহু ইয়ামান থেকে আগমন করেন। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “তুমি কিসের ইহরাম বেঁধেছো?” তিনি জবাবে বলেন, “আমি সেই নিয়তেই ইহরাম বেঁধেছি, যে নিয়তে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইহরাম বেঁধেছেন।” তখন তিনি বলেন, “যদি আমার সাথে কুরবানীর পঞ্চ না থাকতো, তবে নিশ্চয়ই আমি হালাল হয়ে যেতাম।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৮৫; সহীহ মুসলিম: ১২৫০; সহীভুল বুখারী: ১৫৫৮; তিরমিয়ী: ৯৫৬; সুনান বাইহাকী:

৫/১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১০০৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93105>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন